



নং-৫৮.০১.০০০০.২০২.০৫.০০১.১৭- ২৫৬৭

তারিখ : ১৬ অগ্রহায়ন, ১৪২৮ বঙ্গাব্দ।
৩০ নভেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ।

অফিস আদেশ

ই-পাসপোর্ট আবেদন প্রক্রিয়াকরণে আবেদনকারীর ০৩ (তিন) ধরনের বায়োমেট্রিক (দশ আঙ্গুলের ছাপ, চোখের আইরিশের প্রতিবিম্ব এবং মুখমন্ডলের প্রতিচ্ছবি) গ্রহণ করা হয়। জনগণ/দূর্ঘটনা/রোগব্যাদি/অন্যান্য কারণে কোন আবেদনকারীর এক/একাধিক বায়োমেট্রিক ডাটার অনুপস্থিতি থাকায় তা গ্রহণ করা সম্ভব না হলে আবেদনপত্র গ্রহণ ও প্রক্রিয়াকরণের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করতে হবে।


০১। আবেদনকারীর এক বা একাধিক আঙ্গুলের ছাপ/চোখের আইরিশের প্রতিবিম্ব/মুখমন্ডলের যথাযথ প্রতিচ্ছবি গ্রহণ করা সম্ভব না হলে আবেদনপত্রের সাথে সরকার অনুমোদিত মেডিক্যাল কলেজ হাসপাতাল/সিভিল সার্জনের কার্যালয়/জেলা হাসপাতাল/উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্সে কর্মরত যথাযথ চিকিৎসক কর্তৃক সংশ্লিষ্ট বায়োমেট্রিক তথ্যের অনুপস্থিতি বিষয়ক 'চিকিৎসা সনদ' গ্রহণ সাপেক্ষে পাসপোর্ট আবেদন প্রক্রিয়াকরণ করতে হবে।

০২। কোন আবেদনকারীর উভয় হাতের সবগুলো আঙ্গুলের ছাপ/সম্পূর্ণ মুখমন্ডলের প্রতিচ্ছবি/উভয় চোখের আইরিশের প্রতিবিম্ব গ্রহণ করা সম্ভব না হলে ক্রমিক নং ০১ (এক)-এ উল্লিখিত 'চিকিৎসা সনদ' গ্রহণ এবং প্রধান কার্যালয়ের অনুমতি সাপেক্ষে পাসপোর্ট আবেদন গ্রহণ ও প্রক্রিয়াকরণ করতে হবে।

০৩। বিদেশস্থ দূতাবাসের ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশের কোন হাসপাতালের দায়িত্বপ্রাপ্ত চিকিৎসক কর্তৃক প্রদত্ত 'চিকিৎসা সনদ'- যা কনসাল জেনারেল/পাসপোর্ট ও ভিসা উইং প্রধান যাচাই ও প্রতিস্বাক্ষরপূর্বক গ্রহণ করবেন।

০৪। আবেদনপত্র গ্রহণকারী বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিস/বিদেশস্থ পাসপোর্ট ও ভিসা উইং উক্ত 'চিকিৎসা সনদ'/প্রধান কার্যালয়ের অনুমতিপত্র সংশ্লিষ্ট আইডি'র বিপরীতে ডকুম্যান্ট মডিউলে আপলোড করবেন এবং মন্তব্য কলামে ইস্যুকারী কর্তৃপক্ষের বিবরণ (সনদ নং/নাম ও ঠিকানা) উল্লেখপূর্বক বায়োমেট্রিক Skip করবেন।

এমতাবস্থায়, উক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


৩০/১১/২০২১

(অরুণ রতন চাকী)

সহকারী পরিচালক (পাসপোর্ট)

মহাপরিচালকের পক্ষে

adpassport@passport.gov.bd

বিতরণ (কার্যার্থে):

- ০১। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস.....(সকল)।
{ দৃ. আ. প্রথম সচিব (পাসপোর্ট ও ভিসা উইং) }
- ০২। কনসাল জেনারেল, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল.....(সকল)।
{ দৃ. আ. প্রথম সচিব (পাসপোর্ট ও ভিসা উইং) }
- ০৩। প্রকল্প পরিচালক, ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রকল্প, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ০৪। পরিচালক/উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস.....(সকল)।
- ০৫। উপপরিচালক/সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস.....(সকল)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ০১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
{ দৃ. আ.-যুগ্ম সচিব (বহিরাগমন-৪) }